

হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্পের ২০১৬ এর চূড়ান্ত ডাটা রিলিজ প্রসংগে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) প্রকল্পের ২০১৬ এর চূড়ান্ত ডাটা বিবিএস কর্তৃক সম্প্রতি রিলিজ করা হয়েছে। ইতোপূর্বে ২০১৬ সালের জরিপের প্রাথমিক রিপোর্ট অক্টোবর ২০১৭ সালে ২৫তম আন্তর্জাতিক দারিদ্র্য বিমোচন দিবসে প্রকাশিত হয়।

২। চূড়ান্ত তথ্য বিশ্লেষণে দেখা যায় দারিদ্র্য হার ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। উচ্চ দারিদ্র্য রেখা অনুযায়ী ২০০৫ সালে যেখানে দারিদ্র্য হার ছিল ৪০.০%, ২০১৬ সালে তা হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ২৪.৩% এবং নিম্ন দারিদ্র্য রেখা অনুযায়ী ২০০৫ সালে যেখানে দারিদ্র্য হার ছিল ২৫.১% সেখানে ২০১৬ সালে দাঁড়িয়েছে ১২.৯%। প্রক্ষেপণ অনুযায়ী ২০১৮ সালে উচ্চ দারিদ্র্য রেখা অনুযায়ী দারিদ্র্য হার ২১.৮% এবং নিম্ন দারিদ্র্য রেখা অনুযায়ী দারিদ্র্য হার ১১.৩%। উল্লেখ্য যে, ২০০৫ সালে মোট ১০,০৮০টি খানায়, ২০১০ সালে ১২,২৪০টি খানায় জরিপ অনুষ্ঠিত হয়। ২০১৬ সালে নমুনা খানার সংখ্যা বৃদ্ধি করে ৪৬,০৮০টি করা হয়।

৩। চূড়ান্ত ডাটা রিলিজের ফলে বর্তমানে অংশীজন, উন্নয়ন সহযোগী, দেশী-বিদেশী গবেষক, শিক্ষক ও ছাত্রছাত্রীগণ বিবিএস এর নীতিমালা অনুসরণ করে পূর্বের ন্যায় হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে ২০১৬ এর ইউনিট লেভেল ডাটা সংগ্রহ করতে পারবেন।